



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
সরকারি টিচার্স ট্রেনিং কলেজ, চট্টগ্রাম

ফোন ও ফ্যাক্স: (০৩১) ৬১৩২১৯
ইমহেল: gttcctg@yahoo.com
ওয়েব: ttc.chittagong.gov.bd



স্মারক নং: ৮৬

তারিখ: ০৩.০৩.২০২০ খ্রি.

বিষয়: “আইসিটির মাধ্যমে মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক স্তরে শিক্ষার প্রচলন প্রকল্প (২য় পর্যায়)”-এর আওতায় মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক স্তরের শিক্ষকদের জন্য ১২ (বার) কার্য দিবস ব্যাপি Basic Teachers Training (BTT)-এ অংশগ্রহণের জন্য শিক্ষক মনোনয়ন প্রসঙ্গে।

সূত্র: আইসিটির মাধ্যমে মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক স্তরে শিক্ষার প্রচলন প্রকল্প (২য় পর্যায়)-এর স্মারক নং-মাউশি/আইসিটিপি-২/৫৭/২০১৮/৮১; তারিখ: ০১.০৩.২০২০ খ্রি. ও ০৩.০৩.২০২০ খ্রি. তারিখের ইমেইল বার্তা।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে জানানো যাচ্ছে যে শিক্ষা মন্ত্রণালয়ের মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ-এর আওতায় মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা কর্তৃক বাস্তবায়নধীন “আইসিটির মাধ্যমে মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক স্তরে শিক্ষার প্রচলন প্রকল্প (২য় পর্যায়)”-এর অর্থায়নে সরকারি টিচার্স ট্রেনিং কলেজ, চট্টগ্রাম-এ আগামী ০৭/০৩/২০২০ খ্রি. থেকে ১৯/০৩/২০২০ খ্রি. তারিখ পর্যন্ত সময়ে ১২ (বার) কার্য দিবস ব্যাপি মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক স্তরের শিক্ষকদের জন্য Basic Teachers Training (BTT) প্রশিক্ষণ অনুষ্ঠিত হবে। উক্ত প্রশিক্ষণ কোর্সে আপনার অধীন জেলা/ উপজেলাসমূহ থেকে অংশগ্রহণ করার জন্য সংযুক্ত তালিকায় উল্লেখিত শিক্ষা প্রতিষ্ঠান থেকে ১ (এক) জন করে সহকারী শিক্ষককে প্রশিক্ষণের জন্য মনোনয়ন প্রদান করে সংশ্লিষ্ট শিক্ষককে প্রশিক্ষণ শুরুর দিনে নিম্নোক্ত যন্ত্রপাতি/সামগ্রীসহ সকাল ০৯:০০ ঘটিকায় প্রশিক্ষণ ভেন্যুতে উপস্থিত হওয়ার আদেশ প্রদানের জন্য অনুরোধ করা হলো। উক্ত প্রতিষ্ঠান থেকে কোন শিক্ষক ইতোমধ্যে এ প্রশিক্ষণটি গ্রহণ করে থাকলে আর আসার প্রয়োজন নেই। উল্লেখ্য, প্রতি প্রতিষ্ঠান থেকে শুধুমাত্র একজন সহকারী শিক্ষক এ প্রশিক্ষণ প্রাপ্য হবেন।

- ল্যাপটপ (Windows 10 অপারেটিং সিস্টেম, Office 2016 / 2019 ও প্রয়োজনীয় সফটওয়্যার ইন্সটলকৃত)
- ইন্টারনেট মডেম ইউএসবি ড্রাইভ/ পেনড্রাইভ এনসিটিবির অন্তত ১টি টেক্সটবুক
- প্রতিষ্ঠানের ছাড়পত্র (নমুনা সংযুক্ত) সর্বশেষ শিক্ষাগত যোগ্যতার সনদ পাসপোর্ট সাইজের ২ কপি ছবি
- জাতীয় পরিচয় পত্রের কপি প্রতিষ্ঠানের সর্বশেষ এমপিও-এর কপি (প্রয়োজ্য ক্ষেত্রে)

২। প্রাপ্তাবিত প্রশিক্ষণার্থী সংখ্যাঃ

জেলা	উপজেলা	সংখ্যা
চট্টগ্রাম	মীরসরাই	৬০

জেলা	উপজেলা	সংখ্যা
চট্টগ্রাম	ফটিকছড়ি	৩০

৩। বর্ণিত প্রশিক্ষণ কোর্সে অংশগ্রহণ বাধ্যতামূলক।

৪। প্রশিক্ষণ সমাপনান্তে সংশ্লিষ্ট প্রশিক্ষণার্থীকে অন্তত: ১০ (দশ) জন শিক্ষককে ইন-হাউজ প্রশিক্ষণ প্রদান করতে হবে।

৫। প্রশিক্ষণার্থীগণ বিধি মোতাবেক যাতায়াত ভাতা ও প্রশিক্ষণ ভাতা প্রাপ্য হবেন।

এমতাবস্থায় মনোনীত শিক্ষকগণকে কলেজের ওয়েব সাইটের ‘প্রশিক্ষণ’ ট্যাব থেকে “প্রশিক্ষণ ডাটাবেজ” ফরমেটটি পূরণ করে সাথে আনার ও সার্বিক প্রস্তুতিসহ যথাসময়ে বর্ণিত প্রশিক্ষণ কোর্সে অংশগ্রহণের জন্য অনুরোধ করা হলো।

কোন বিষয় স্পষ্টিকরণ বা প্রশিক্ষণ সংক্রান্ত কোন তথ্য ও পরামর্শের জন্য জনাব মোহা. আখতার হোছাইন কুতুবী (সহযোগী অধ্যাপক (গণিত), ফোন নং: ০১৯১১২২০৬৫, ইমেইল: kutubi03@gmail.com) -এর সাথে যোগাযোগ করার জন্য অনুরোধ করা যাচ্ছে।

উল্লেখ্য যে, প্রতিষ্ঠান প্রধান ও সহকারী প্রধানগণের জন্য HIT/AHIT প্রশিক্ষণের ব্যবস্থা থাকায় BTT প্রশিক্ষণে তাঁদের অংশগ্রহণের সুযোগ নেই।

সরকারের এ অগ্রাধিকার কার্যক্রমটি বাস্তবায়নে আপনার পূর্ণাঙ্গ সহযোগিতা প্রত্যাশা করি।

ধন্যবাদান্তে –

অধ্যক্ষ

সরকারি টিচার্স ট্রেনিং কলেজ, চট্টগ্রাম।

তারিখ: ০৩.০৩.২০২০ খ্রি.

স্মারক নং: ৮৬

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

- ১। অতিরিক্ত সচিব (উন্নয়ন), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ২। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।
- ৩। পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।
- ৪। পরিচালক (প্রশিক্ষণ), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।
- ৫। প্রকল্প পরিচালক, আইসিটির মাধ্যমে মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক স্তরে শিক্ষার প্রচলন প্রকল্প (২য় পর্যায়), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।
- ৬। পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, চট্টগ্রাম অঞ্চল।
- ৭। জেলা শিক্ষা অফিসার, চট্টগ্রাম।
(সংশ্লিষ্ট উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা অফিসারকে প্রতিষ্ঠানের নির্ধারিত শিক্ষককে অবহিত করণ ও প্রশিক্ষণে অংশগ্রহণ নিশ্চিত করার নির্দেশনা দানের অনুরোধসহ)
- ৮। উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা অফিসার, মীরসরাই, ফটিকছড়ি, চট্টগ্রাম।
(আগামী ০৫/০৩/২০২০ খ্রি. তারিখের মধ্যে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের ১ জন করে শিক্ষককে তালিকা প্রেরণ ও প্রশিক্ষণে অংশগ্রহণ নিশ্চিত করার অনুরোধসহ)
- ৯। অধ্যক্ষ/প্রধান শিক্ষক/সুপার।
(আগামী ০৫/০৩/২০২০ খ্রি. তারিখের মধ্যে সংশ্লিষ্ট শিক্ষককে অবহিত করে প্রশিক্ষণে অংশগ্রহণ নিশ্চিত করার অনুরোধসহ)
- ১০। জনাব। (পত্রের মর্ম অনুযায়ী প্রস্তুতিসহ প্রশিক্ষণে অংশগ্রহণের জন্য অনুরোধ করা হলো)
- ১১। অফিস কপি।

অধ্যক্ষ

সরকারি টিচার্স ট্রেনিং কলেজ, চট্টগ্রাম।

এটি একটি নমুনা

এ নমুনাটি প্রতিষ্ঠানের ছাপানো লেটার হেড প্যাড-এ প্রদান করতে হবে
নমুনাটির Word Format কলেজের ওয়েবসাইটের প্রশিক্ষণ ট্যাব থেকে ডাউনলোড করে ব্যবহার করা যাবে

ছাড়পত্র (BTT)

এ মর্মে প্রত্যয়ন করা যাচ্ছে যে আইসিটি'র মাধ্যমে মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক স্তরে শিক্ষার প্রচলন প্রকল্প (২য় পর্যায়)-এর অর্থায়নে আগামী /..... /২০২০ খ্রি. তারিখ থেকে টিচার্স ট্রেনিং কলেজ, চট্টগ্রাম-এ অনুষ্ঠিতব্য Basic Teachers' Training (BTT) প্রশিক্ষণে অংশগ্রহণের জন্য অত্র প্রতিষ্ঠানের নিম্নোক্ত শিক্ষককে প্রেরণ করা হল এবং নিম্নে তাঁর 'নমুনা স্বাক্ষর' সত্যায়িত করা হল।

শিক্ষকের তথ্যাবলীঃ (ইংরেজিতে পূরণ করুন)

Information of Participant	
1. Teacher's Professional ID/MPO Index No:	
Participant's Name:	2. In English
	3. বাংলায়
4. Designation:	
5. Subject taught:	
6. National ID No:	
7. Mobile Number:	
8. Email Address:	
9. Father's Name:	
10. Mother's Name:	
11. Date of Birth: / /19	
12. Sex: <input type="checkbox"/> Male <input type="checkbox"/> Female	
13. Teacher's Present Address:	
14. Teacher's Permanent Address:	
15. Highest Educational Degree:	

Information of Institution	
1. Name of Institution:	Phone No.:
2. EIIN:	3. Upazilla/Thana:
4. District: <input type="checkbox"/> Chittagong <input type="checkbox"/> Cox's Bazar <input type="checkbox"/> Bandarban <input type="checkbox"/> Khagrachari <input type="checkbox"/> Rangamati	
5. Division: Chattogram	6. Rural <input type="checkbox"/> Urban <input type="checkbox"/>
7. Institute Type: <input type="checkbox"/> School <input type="checkbox"/> College <input type="checkbox"/> Madrasah <input type="checkbox"/> School & College	

নমুনা স্বাক্ষর সত্যায়ন

নাম (স্বহস্তে লিখুন)	নমুনা স্বাক্ষর
১।	
২।	
৩।	

.....
সত্যায়িত
স্বাক্ষর ও সীল

প্রত্যয়ন করা যাচ্ছে যে, মনোনীত শিক্ষক অত্র প্রতিষ্ঠানে বৈধ নিয়োগধারী। তিনি অতিথি/অস্থায়ী/পার্ট টাইম/চুক্তি ভিত্তিক শিক্ষক বা লাইব্রেরিয়ান অথবা অফিস কর্মচারী নন। ইতোপূর্বে তিনি বা অত্র প্রতিষ্ঠানের অন্য কোন শিক্ষক Basic Teachers' Training (BTT) প্রশিক্ষণটি গ্রহণ করেন নি।

প্রতিষ্ঠান প্রধানের নামঃ

ফোন নম্বরঃ

ইমেইলঃ

স্বাক্ষর ও সীলঃ